

ইবিতে সাইন্স অলিম্পিয়াড ও ট্রেজার হান্ট ১২ মার্চ

ষষ্ঠি প্রতিনিধি

৭ মার্চ ২০২৩ ১২:০০ এএম |

আপডেট: ৬ মার্চ ২০২৩

১১:৫৭ পিএম

7
Shares

বন্ধুদের জন্য
আমাদের ময়ৃ

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) প্রথমবারের মতো বিজ্ঞান চর্চা ও গবেষণা ভিত্তিক সংগঠন সাইন্স ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হতে যাচ্ছে ‘সাইন্স অলিম্পিয়াড ও ট্রেজার হান্ট’। আগামী ১২ মার্চ ৯টায় বিশ্ববিদ্যালয়ের ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ ভবনের সেমিনার রুমে অলিম্পিয়াডটি অনুষ্ঠিত হবে। অলিম্পিয়াডে অংশগ্রহণ করার জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করা যাবে, যা চলবে ১১ মার্চ পর্যন্ত। উক্ত অলিম্পিয়াডটি স্পন্সর করেছেন সোহান স ভাসিটি অ্যাডমিশন কোচিং, কুষ্টিয়া এবং মিডিয়া পার্টনার হিসেবে আছেন দৈনিক আমাদের সময়। জানা যায়, অলিম্পিয়াডে বিশ্ববিদ্যালয়ের প্রায় ৩৬টি বিভাগসহ কুষ্টিয়া ও ঝিনাইদহের ২০টিরও বেশি শিক্ষা প্রতিষ্ঠানের সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করবেন। প্রোগ্রাম দুটি পর্বে ভাগ করা হয়েছে। প্রথম পর্বে ‘সাইন্স অলিম্পিয়াড’ ও দ্বিতীয় পর্বে ‘ট্রেজার হান্ট কম্পিটিশন’ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সাইন্স ক্লাবের সভাপতি শফিকুল ইসলাম বলেন, সাইন্স ক্লাব থেকে প্রথমবারের মতো সাইন্স অলিম্পিয়াড আয়োজনের প্রস্তুতি সম্পন্ন করেছি। আশা করি এ আয়োজনে সাড়া পাব। সামনেও আমাদের এ রকম আয়োজন থাকবে। উল্লেখ্য, বিজ্ঞান মনস্ক জাতি গঠনে ও প্রযুক্তিগত জ্ঞান প্রসার ঘটানোর লক্ষ্যে কাজ করে যাচ্ছে সাইন্স ক্লাব। বৈজ্ঞানিক ম্যাগাজিন, বিজ্ঞানভিত্তিক সভা সেমিনার, সামাজিক সমস্যা চিহ্নিত করে

বিজ্ঞানভিত্তিক ব্যাখ্যা, বিজ্ঞান চর্চার ঘথাঘথ সুবিধা ও ক্ষেত্র তৈরি হলো সাইন্স ক্লাবের অন্যতম উদ্দেশ্য।

7
Shares